



জেলা পরিষদ কার্যালয় পাবনা।

www.zppabna.gov.bd

খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২২-২০২৩

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০১.০১.০০২.২৩. ৭২



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখঃ

০১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৩ খ্রিঃ

এতদ্বারা পাবনা জেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলা পরিষদের তপশিলভুক্ত ০৩ (তিন) টি খেয়াঘাট বাংলা সন অনুযায়ী অর্থ ১লা বৈশাখ-১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩০ পর্যন্ত নিম্নোক্ত বিবরণ অনুযায়ী সর্বোচ্চ মূল্যে ১ বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। দরপত্রের সিডিউল সমূহ (ক) জেলা পরিষদ কার্যালয় পাবনা (খ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা, (গ) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/চাটমোহর/সাঁথিয়া এর কার্যালয় হতে ক্রয় পূর্বক বর্ণিত কার্যালয়ে রক্ষিত বাজে গৃহণ করা হবে। আগ্রহী প্রার্থীগণ দরপত্র সংক্রান্ত যাবতীয় সিডিউল ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে ক্রয় করতে ও জানতে পারবেন। দরপত্রের সংঙ্গে পাবনা জেলার যে কোন তপসিলী ব্যাংকের নির্ধারিত পরিমাণ জামানত বিডি/সিডি প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ পাবনা এর অনুকূলে দাখিল করতে হবে।

ক্রঃ নং	খেয়াঘাটের নাম	উপজেলা	সরকারি সাম্ভব্য মূল্য	মন্তব্য
১।	চরভবানীপুর, চররাধাকান্তপুর ও কাচাদিয়ার	পাবনা সদর	১৬,৪৬৩/-	দরদাতার দর গৃহীত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সাথে প্রদত্ত ২০% জামানত সমন্বয় পূর্বক সমুদয় অর্থ জেলা পরিষদ তহবিলে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরটি বাতিল করা হবে।
২।	নাগডেমরা	সাঁথিয়া	৪,২৯০/-	
৩।	গোসাইদহ তদন্তগত বিন্যাবাড়ী	চাটমোহর	৯,১৮৫/-	

প্রথমবার দরপত্র গ্রহণের পর যেসব খেয়াঘাটের ক্ষেত্রে ইজারা প্রদান করা যায়নি বা দরপত্র জমা পড়েনি সে সব খেয়াঘাটের ক্ষেত্রে পরবর্তী নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী কার্যক্রম অব্যাহত থাকবে। নতুন করে কোন বিজ্ঞাপন দেয়া হবে না।

সিডিউল বিক্রয় দরপত্র গ্রহণ ও দরপত্র খোলার বিবরণ :

ক্রমিক নং	দরপত্র বিক্রির সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়
১।	২৭/০৩/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা	২৮/০৩/২০২৩ বেলা ১২.০০ ঘটিকা	২৮/০৩/২০২৩ দুপুর ২.০০ ঘটিকা
২।	০৪/০৪/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা	০৫/০৪/২০২৩ বেলা ১২.০০ ঘটিকা	০৫/০৪/২০২৩ দুপুর ২.০০ ঘটিকা
৩।	১২/০৪/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা	১৩/০৪/২০২৩ বেলা ১২.০০ ঘটিকা	১৩/০৪/২০২৩ দুপুর ৩.০০ ঘটিকা

শর্তাবলী :

- আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান অফেরতযোগ্য ২০০/- (দুইশত) টাকা মূল্যে ইজারার দরপত্র সিডিউল ক্রয় করতে পারবে।
- খেয়াঘাটগুলো ১লা বৈশাখ/১৪৩০ হতে ৩০ শে চৈত্র/১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদী ইজারা প্রদান করা হবে।
- খেয়াঘাট ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে খেয়াঘাট ইজারার মূল্য অংকে এবং কথায় পরিষ্কার ভাবে লিখতে হবে, কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- দরপত্রে অংশ গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে দরপত্রে উল্লিখিত মোট উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকার তফশিলভুক্ত বানিজ্যিক ব্যাংকের বিডি/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা বরাবরে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে তাকে ১৫% ভাট এবং ১০% আয়কর জমা দিতে হবে।
- দর দাখিলের পূর্বে অবশ্যই খেয়াঘাটগুলো সরেজমিন দেখে নিতে হবে। দর দাখিলের পর কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- খামের উপর খেয়াঘাটের নাম অবশ্যই বড় করে লিখতে হবে।
- কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দর গ্রহণ/বাতিল করে শর্তারোপ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(Signature)
২৫/০৩/২০২৩

(মোঃ সাইফুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)
জেলা পরিষদ, পাবনা
ফোন-০২৫৮৮৮৪৫৮৫৯
E-mail: ceozppabna@gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০১.০১.০০২.২৩. ৭২ (২০০)

তারিখঃ ২৫/০৩/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

- জেলা প্রশাসক, পাবনা/পুলিশ সুপার, পাবনা/মেয়র, পৌরসভা, পাবনা/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পাবনা
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাবনা সদর/চাটমোহর/সাঁথিয়া, পাবনা।
- সার্ভেয়ার, জেলা পরিষদ, পাবনা ব্যাপকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে যথাসময়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হল।
- অফিস কপি।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

- সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা।
- সি এ টু চেয়ারম্যান, জেলা পরিষদ, পাবনা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

(Signature)
২৫/০৩/২০২৩

(মোঃ সাইফুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)
জেলা পরিষদ, পাবনা